NYC স্কুলস্ অ্যাকাউন্ট

উপরিচিত্র

NYC স্কুলস অ্যাকাউন্ট (NYCSA) একটি ওয়েব-ভিত্তিক অ্যাপ্লিকেশন (উপকরণ) যা আপনার সন্তানের শিক্ষাগত (অ্যাকাডেমিক) ও জীবনী-সংক্রান্ত (বায়োগ্রাফিকাল) তথ্য আপনাকে যেকোন কম্পিউটার, ফোন বা ট্যাবলেটে দেখতে দেয়। অ্যাপ্লিকেশনটি ইংরেজি ছাড়া আরও নয়টি ভাষায় পাওয়া যায়। আপনি যে শুধুমাত্র আপনার শিক্ষার্থীর শিক্ষায়তনিক অগ্রগতি দেখতে পাবেন তাই নয়, আপনি আপনার শিক্ষার্থী ও পরিবারের জন্য সহায়ক অন্যান্য শিক্ষায়তনিক সংস্থানও (রিসোর্স) দেখতে পাবেন।

মাইস্টুডেন্ট (MyStudent)

আপনার শিক্ষার্থীর তথ্যের প্রতি লক্ষ্য রাখুন, যেমন:

- উপস্থিতি
- গ্রেড এবং রিপোর্ট কার্ড
- মূল্যায়ন (পরীক্ষার স্কোর)
- জরুরি যোগাযোগের তথ্য
- পরিবহন (ট্র্যান্সপোর্টেশন)
- ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)
- ডিজিটাল ফর্মসমূহ

প্যারেন্ট ইউনিভার্সিটি

প্যারেন্ট ইউনির্ভাসিটি পরিবারদের সংযুক্ত করতে ও শিক্ষার্থীদের সহায়তা করতে বিবিধ কোর্স, সরাসরি অনুষ্ঠান, এবং কার্যক্রমের কেন্দ্রীয় তালিকা অফার করে।

বুলিইং বা মস্তানী রিপোর্ট করার পোর্টাল

NYCSA আবেদনপত্রের মাধ্যমে আপনার শিক্ষার্থীর স্কুলের কাছে বুলিইং (মস্তানী) রিপোর্ট করুন

আমি কীভাবে একটি NYC স্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করতে পারি?

NYCSA অ্যাকাউন্ট তৈরি করার তিনটি উপায় আছে। আপনি আপনার সন্তানের স্কুলে সশরীরে উপস্থিত হয়ে একটি অস্থায়ী বা টেম্পোরারী পাসওয়ার্ড পেতে পারেন, টেলেকনফারেন্সের মাধ্যমে আপনার স্কুলের সাথে যোগাযোগ করে আপনার পরিচয় নিশ্চিত করে একটি অস্থায়ী বা টেম্পোরারি পাসওয়ার্ড পেতে পারেন, অথবা সন্তানের সাথে বাড়িতে পাঠানো চিঠিতে দেয়া অ্যাকাউন্ট ক্রিয়েশন কোড (তৈরির কোড) ব্যবহার করতে পারেন।

সশরীরে কিংবা অনলাইনে

1. আপনার সন্তানের স্কুলের সাথে একটি অ্যাপয়েন্টমেন্ট করুন।
2. একটি বৈধ ফটো আইডি (ID) (যেমন, আপনার পাসপোর্ট, আপনার ড্রাইভার্স লাইসেন্স, IDNYC), আপনার ইমেইল ঠিকানা, এবং আপনার সন্তানের 9 ডিজিট স্টুডেন্ট আইডি (ID) নাম্বার, যা তার রিপোর্ট কার্ডে পাওয়া যাবে, নিয়ে যাবেন। যদি টেলেকনফারেন্সের মাধ্যমে হয়, তাহলে স্কুল পিতামাতা/অভিভাবক কিংবা যোগ্য শিক্ষার্থীর পরিচয় কণ্ঠস্বর অথবা দৃশ্যমান উপায়ে যাচাই করবে।
3. আপনি যখন আপনার স্কুলে সশরীরে অথবা টেলেকনফারেন্সের মাধ্যমে একটি অ্যাকাউন্ট খুলবেন, তখন আপনি সশরীরে কিংবা ইমেইলে একটি রিসিট পাবেন যার উপরে আপনার অস্থায়ী পাসওয়ার্ড লেখা রয়েছে।
4. এই http://schools.nyc.gov/myaccount -সাইটে গিয়ে আপনার ইমেইল ঠিকানা ও অস্থায়ী বা টেম্পোরারি পাসওয়ার্ড এন্টার করুন। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, অস্থায়ী বা টেম্পোরারি পাসওয়ার্ড 30 দিন পর মেয়াদোত্তীর্ণ হয়ে যাবে। আপনার অ্যাকাউন্টের জন্য আপনাকে একটি নতুন পাসওয়ার্ড, আপনার নিরাপত্তামূলক প্রশ্নাবলী (সিকিউরিটির কোশ্চেন) প্রস্তুত করতে হবে, এবং আপনার ইমেইল ঠিকানা নিশ্চিত করতে হবে।

সেলফ্-সার্ভ (স্ব-পরিষেবা)

আপনার সন্তানের সাথে চিঠির মাধ্যমে অ্যাকাউন্ট তৈরীর (ক্রিয়েশন) কোড বাড়িতে পাঠানো হবে যা আপনার প্রয়োজন হবে। এছাড়াও আপনি একটি চিঠি ডাকযোগে পাঠানোর জন্য স্কুলে অনুরোধ করতে পারেন। NYC স্কুলস্ অ্যাকাউন্ট তৈরি অথবা বিদ্যমান অ্যাকাউন্টে অন্য একজন সন্তানকে যোগ করতে আপনার এই কোড এবং আপনার সন্তানের 9 ডিজিট স্টুডেন্ট ID নাম্বার প্রয়োজন হবে।

1. https://schoolsaccount.nyc ওয়েবসাইট দেখুন এবং লগইন পেইজে “Create Account (অ্যাকাউন্ট তৈরি করুন)” লিংকটি বেছে নিন।

2. নোটিফিকেশন (বিজ্ঞপ্তি) পাওয়া শুরু করতে হলে আপনার নাম, ইমেইল ঠিকানা, এবং সেলফোন নম্বর দিন। আপনি একটি অ্যাকাউন্ট তৈরির কোড ছাড়া একটি সাধারণ একাউন্ট খুলতে পারবেন, কিন্তু আপনার শিক্ষার্থীকে একাউন্টে যোগ করতে আপনার কোডটির প্রয়োজন হবে।
3. আপনার সাথে যোগাযোগের তথ্য দেওয়ার পর "Validate Email" (ইমেইল যাচাই) বেছে নিন। পেজটি খোলা রাখুন।
4. যাচাইকরণ (ভ্যালিডেশন) নম্বরটি পেতে আপনার ইমেইল খুলুন। "Validate Email" (ইমেইল যাচাই) বেছে পেজ-এ নম্বরটি এন্টার করুন।
5. পাসওয়ার্ড তৈরির প্রক্রিয়ায় অগ্রসর হোন।
6. আপনার অ্যাকাউন্টের সিকিউরিটি প্রশ্নগুলো তৈরি প্রক্রিয়ায় অগ্রসর হোন।
7. আপনার এবং আপনার সন্তানের জন্য সুনির্দিষ্ট অ্যাকাউন্ট তৈরি করার কোডটি এন্টার করুন।

আমার কোন্ তথ্য দেখার বা অ্যাক্সেস করার সুযোগ আছে?

আপনার সন্তানের রেকর্ডের সাথে সংশ্লিষ্ট প্রত্যেক প্রাপ্ত বয়স্ককে কাস্টোডিয়াল, নন-কাস্টোডিয়াল, কিংবা অতিরিক্ত ব্যবহারকারী হিসেবে নির্ধারণ করা হয়েছে। এই ভুমিকাসমূহ নির্ধারণ করে তারা মাইস্কুলে আপনার সন্তানের কতটুকু তথ্য দেখতে পাবে। সকল ভুমিকার ব্যবহারকারীর জন্যই প্যারেন্ট ইউনিভার্সিটি এবং বুলিইং পোর্টাল ব্যবহারের সুযোগ রয়েছে।

- কাস্টোডিয়াল (জিম্মাদার) ব্যবহারকারী হিসেবে, আপনি NYC স্কুলস্ অ্যাকাউন্টে আপনার সন্তানের সকল তথ্য দেখতে পাবেন। এছাড়াও, আপনি অন্যান্য প্রাপ্তবয়স্ক ব্যক্তিদেরকে সন্তানের তথ্য দেখতে আমন্ত্রণ জানাতে পারেন। অতিরিক্তভাবে, জরুরী প্রয়োজনে সরাসরি যোগাযোগ করার জন্যে, কাস্টোডিয়াল (জিম্মাদার) ব্যবহারকারীগণ আবেদনপত্রে শিক্ষার্থীর রেকর্ডে জরুরী পরিস্থিতিতে যোগাযোগের ব্যক্তিবর্গের তথ্য হালনাগাদ করতে পারবেন।
- নন-কাস্টোডিয়াল (অ-জিম্মাদার) ব্যবহারকারীগণ, NYC স্কুলস্ অ্যাকাউন্টে তাদের সন্তানের প্রায় সকল তথ্য দেখতে পারবেন। জরুরী পরিস্থিতির জন্য নন-কাস্টোডিয়াল (অ-জিম্মাদার) ব্যবহারকারীগণও তাদের ফোন নাম্বার হালনাগাদ করতে পারবেন।
- সন্তানের কাস্টোডিয়াল পিতামাতা আপনাকে যা যা দেখতে দিবেন, বাড়তি ব্যবহারকারী (অ্যাডিশনাল ইউজার) হিসেবে আপনি শুধু তা দেখতে পাবেন।

আমি NYC স্কুলস্ অ্যাকাউন্ট বিষয়ে কোথায় সহায়তা পাবো?

যদি সহায়তার দরকার হয় বা আপনার অ্যাকাউন্ট কীভাবে ব্যবহার করবেন সেসম্পর্কে কোনও প্রশ্ন থাকে, তাহলে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন অথবা 311 নম্বরে ফোন করুন। *NYC স্কুলস্ অ্যাকাউন্ট* ওয়েবপেইজ https://www.schools.nyc.gov/nycsa থেকে আপনি আরো জানতে পারেন।

আমি কীভাবে আমার সন্তানের জরুরী পরিস্থিতিতে যোগাযোগের তথ্য হালনাগাদ তথা আপডেট করতে পারি?

আপনি যদি আপনার সন্তানের সাথে বসবাসকারী পিতা বা মাতা, কিংবা কাস্টোডিয়াল (জিম্মাদার) অভিভাবক হয়ে থাকেন, তবে জরুরি পরিস্থিতিতে যোগাযোগ সংক্রান্ত পেইজ ব্যবহার করে, আপনার NYC স্কুলস অ্যাকাউন্টে, আপনার সন্তানের রেকর্ডে আপনি নিজে আপনার নিজস্ব বাড়ির, সেল, ও কাজের ফোন নম্বর এবং ইমেইল ঠিকানা কিংবা বাড়তি প্রাপ্ত-বয়স্কদের সংক্রান্ত তথ্য হালনাগাদ করতে পারবেন। আপনার অগ্রাধিকারপ্রাপ্ত পছন্দের লিখিত ও মৌখিক ভাষা হালনাগাদ করার বিকল্পও আপনার আছে। আপনার সন্তানের স্কুলের সাথে শেয়ার করার জন্য আপনার সন্তানের স্বাস্থ্য সংক্রান্ত তথ্যও হালনাগাদ করতে পারবেন। এতে অন্তর্ভুক্ত আপনার সন্তানের ডাক্তারের নাম ও ফোন নম্বর, যেকোনো নির্ণীত অসুস্থতা, অ্যালার্জি, শারীরিক কর্মকাণ্ড সীমিত করে এধরণের কোনও স্বাস্থ্যগত সমস্যা বা সীমাবদ্ধতা, এবং স্বাস্থ্য বীমা তথা হেলথ ইনসুরেন্সের স্ট্যাটাস।

আপনার যদি আপনার বাড়ির ঠিকানা, আপনার সন্তানের রেকর্ডে ভাই বা বোন সংক্রান্ত তথ্য, কিংবা 'অর্ডার অভ প্রটেকশন' (আদালত থেকে সুরক্ষার আদেশ) হালনাগাদ করা প্রয়োজন হয়, তবে এই পরিবর্তন(গুলো) করতে আপনাকে অবশ্যই সরাসরি আপনার স্কুলের সাথে যোগাযোগ করতে হবে।

বুলিইং (মস্তানী) পোর্টাল সম্পর্কে আরও তথ্য আমি কীভাবে পেতে পারি?

আপনার যদি বুলিইং (মস্তানী) পোর্টাল ব্যবহারে সহায়তা কিংবা বৈষম্য রোধে সহায়ক বাড়তি সংস্থান বা রিসোর্সসমূহ প্রয়োজন হয়, তবে *রেসপেক্ট ফর অল: ফস্টারিং অ্যান্টি-বুলিইং প্র্যাকটিসেস্ (সকলের প্রতি শ্রদ্ধা: বুলিইং (মস্তানী)-বিরোধী চর্চাসমূহ লালন)* ওয়েবপেজ: https://www.schools.nyc.gov/school-life/school-environment/respect-for-all -দেখুন।